

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩৫.২০১৬-৪০

তারিখ : ০৮/০৮/২০১৬ খিঃ

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'সবার জন্য বাসস্থান' কর্মসূচি বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫/০৩/২০১৬ খিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঁর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় আগামী ২ বছর ৮ মাস সময়ের মধ্যে দেশের ২.৮ লক্ষ গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

“(খ) আগামী ২ বছর ৮ মাস সময়ের মধ্যে দেশের সকল গৃহহীন পরিবারের জন্য গৃহের ব্যবস্থা করতে হবে। এ সময়ে (১) গুচ্ছগ্রাম প্রকল্প ৫০,০০০ (২) গৃহায়ন তহবিল ২০,০০০ (৩) আশ্রয়ণ প্রকল্প ২,১০,০০০ পরিবার পুনর্বাসিত করবে।

(গ) উপকারভোগীদের তালিকা পূর্বেই প্রস্তুত করে রাখতে হবে।


(ঙ) নদী ভাঙ্গণ এলাকায় টিনের ঘর তৈরী করে দিতে হবে যাতে নদী ভাঙ্গনের সময় ঘর সরিয়ে নেয়া সম্ভব হয়।

(জ) বর্তমান সরকার কর্তৃক গৃহীত জনকল্যাণমুখী প্রকল্পসমূহ জনগণকে কার্যকরভাবে অবহিত করতে হবে।

(ঝ) জনকল্যাণমুখী সরকারী প্রকল্পসমূহের কারণে মানুষ যেন অলস না হয়ে যায়, কর্মস্পৃহা হারিয়ে না ফেলে সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রতিটি মানুষ যেন আত্ম-মর্যাদা সম্পন্ন ও আত্ম-নির্ভরশীল নাগরিক হিসেবে গড়ে উঠে তা নিশ্চিত করতে হবে।”

০২। বর্ণিতস্বায়, আগামী ২ বছর ৮ মাস সময়ের মধ্যে দেশের সকল গৃহহীন পরিবারের জন্য গৃহের ব্যবস্থা করতে হবে মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আপনার জেলাধীন পূর্বে প্রেরিত গৃহহীন পরিবারের তালিকা অনুযায়ী সম্পূর্ণ ভূমিহীন অথবা ভূমিহীন(যার ১ হতে ১০ শতক পর্যন্ত জমি আছে) এর তালিকা (ভোটার আইডি কার্ড ও ছবিসহ) আগামী ৫ই মে এর মধ্যে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

  
(মোঃ জাহিরুল হক)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোন-৯১২৪১০০

জেলা প্রশাসক(সকল)

-----জেলা।

অনুলিপিঃ

০১। বিভাগীয় কমিশনার(সকল)

-----বিভাগ।

০২। মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল)

-----উপজেলা।

০৪। অফিস কপি।